গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এপিএ কমিটির সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল মজুমদার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | ১৬ আগস্ট ২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:৩০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি অফিসমূহে প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে [বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)] ফলপ্রসূ এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে এপিএ কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট ও এপিএ) এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। উপসচিব (বাজেট ও এপিএ) সভাকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র স্ব-মূল্যায়িত প্রতিবেদনের উপর মন্ত্রিপরিষদ বিভাগের প্রাথমিক পর্যবেক্ষণের আলোকে সংশ্লিষ্ট প্রমাণক/কাগজপত্র জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের এপিএ ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে। সভায় বর্তমান ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র সকল কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ প্রদানের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র স্ব-মূল্যায়িত প্রতিবেদনের উপর মন্ত্রিপরিষদ বিভাগের প্রাথমিক পর্যবেক্ষণের আলোকে সংশ্লিষ্ট প্রমাণক/কাগজপত্র জরুরিভিত্তিতে দপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের এপিএ ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে; এবং

(গ) বর্তমান ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র সকল কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ প্রদান করতে হবে।

০৫। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল মজুমদার
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.২২.০০১.২৩.৬১

তারিখ: ৭ ভাদ্র ১৪৩০
২২ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
২) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
৩) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
৪) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৫) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৬) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
৭) যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৮) যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভিাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৯) যুগ্মসচিব, সমন্বয় ও আইন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১০) যুগ্মসচিব (ক্রীড়া সংক্রান্ত), উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১১) যুগ্মসচিব, ক্রীড়া-১ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১২) উপ-সচিব, যুব-২ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৩) উপসচিব, বাজেট শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৪) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৫) উপসচিব, পরিকল্পনা -১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৬) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৭) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৮) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৯) সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
২০) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
২১) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা

মোহাম্মাদ রুবায়েত খান
উপসচিব